



আজ রূপপুরের প্রথম ইউনিটে ফুয়েল লোডিং, শিগগিরই আসছে বিদ্যুৎ



রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র। ছবি : সংগৃহীত

পাবনার ঈশ্বরদীর রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটে আজ (২৮ এপ্রিল) ইউরেনিয়াম জ্বালানি স্থাপনের কাজ শুরু হচ্ছে, যা বিদ্যুৎ উৎপাদনের দিকে এগোনোর একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। নির্ধারিত পরিকল্পনা অনুযায়ী কাজ এগোলে জুলাইয়ের শেষ বা আগস্টের শুরুতে পরীক্ষামূলকভাবে জাতীয় গ্রিডে বিদ্যুৎ যুক্ত হতে পারে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, রাশিয়ার সঙ্গে সমন্বয় করে জ্বালানি লোডিংয়ের তারিখ ঠিক করা হয়েছে। অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের শীর্ষ কর্মকর্তাদের পাশাপাশি রাশিয়ার রাষ্ট্রীয় পারমাণবিক সংস্থা রোসাটমের প্রতিনিধিরা এবং আন্তর্জাতিক পারমাণবিক শক্তি সংস্থার (আইএইএ) কর্মকর্তারা উপস্থিত থাকবেন।

জ্বালানি স্থাপনের পর প্রায় তিন মাসের মধ্যে পরীক্ষামূলক উৎপাদন শুরু হওয়ার সম্ভাবনা রয়েছে। শুরুতে প্রায় ৩০০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রিডে যোগ হবে এবং ধাপে ধাপে উৎপাদন বাড়িয়ে ২০২৭ সালের জানুয়ারির মধ্যে পূর্ণ সক্ষমতায় নেওয়ার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

এর আগে ১৬ এপ্রিল বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রথম ইউনিট চালুর লাইসেন্স প্রদান করে এবং ৫২ জন বিশেষজ্ঞকে কার্যক্রম পরিচালনার অনুমোদন দেয়। কিছু কারিগরি জটিলতার কারণে পূর্বের সময়সূচি সামান্য পিছিয়ে এই নতুন তারিখ নির্ধারণ করা হয়।

প্রায় ১২.৬৫ বিলিয়ন ডলার ব্যয়ে পদ্মা নদীর তীরে নির্মাণাধীন এই প্রকল্পে দুটি ইউনিট থেকে মোট ২,৪০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য রয়েছে, যা দেশের বিদ্যুৎ চাহিদা পূরণে বড় অবদান রাখবে।

স্থানীয় বাসিন্দাদের মধ্যে এ নিয়ে আশাবাদ তৈরি হয়েছে। তাদের মতে, কেন্দ্রটি চালু হলে বিদ্যুৎ সংকট অনেকটাই কমবে এবং এ অঞ্চলসহ সারাদেশে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে সহায়ক ভূমিকা রাখবে।